জনতা ব্যাংক লিমিটেড
এস্টেট ডিপার্টমেন্ট
প্রধান কার্যালয়
১১০, মতিঝিল বা/এ তারিখঃ ইং
ঢাকা-১০০০
wehsite: www.janatabank-bd.com

বানিজ্যিক ভবনের ফ্লোর স্পেস ক্রয়ের দরপত্র বিজ্ঞপ্তি

জনতা ব্যাংক লিমিটেড, প্রধান কার্যালয়ের ব্যবহারের জন্য ঢাকাস্থ বিজয়নগর, শান্তিনগর, রাজারবাগ, বেইলি রোড, নিউ বেইলি রোড ও কাকরাইল এলাকায় ৭,০০০ হতে ১০,০০০ বর্গফুট ফ্লোরস্পেস বিক্রয়ে ইচ্ছুক উল্লেখিত এলাকার প্রকৃত ভবন মালিকের নিকট হতে গালা সীলমোহরকৃত দরপত্র আহবান করা যাচ্ছে। দরপত্রের বিবরন নিম্নরূপঃ

১।	দরপত্র আহ্বানকারী সংস্থা	:	জনতা ব্যাংক লিমিটেড
২।	তহবিলের উৎস	:	নিজস্ব তহবিল
৩।	দরপত্র বিজ্ঞপ্তি নং	:	জেবিএল/ইডি/ফ্লোরস্পেস ক্রয়/২০১৭/১
৪।	প্রস্তাবিত ফ্লোর স্পেসের বিবরন	:	ক) পার্কিং সুবিধাসহ ভবনটি অবশ্যই বাণিজ্যিক ভবন হতে হবে এবং ২০০০ অথবা পরবর্তী সময়ে নির্মিত হতে হবে। খ) ভবনের নকশা অবশ্যই রাজউক কর্তৃক অনুমোদিত হতে হবে। গ) নির্মানাধীন ভবনের জন্য দরপত্র দাখিল করলে তা গ্রহণযোগ্য হবে না। প্রস্তাবিত ভবন বা ফ্লোর স্পেস অবশ্যই ব্যাংকের ব্যবহারের উপযোগী হতে হবে। ঘ) মোট আয়তন কম-বেশী ৭০০০ থেকে ১০,০০০ বর্গফুট হতে হবে। ঙ) সকল ফ্লোরে অবশ্যই উন্নতমানের বিদেশী টাইলস সহ আধুনিক ফিটিংস দ্বারা নির্মিত হতে হবে।
৫।	প্রস্তাবিত ফ্লোর স্পেসে যে সমস্ত সুবিধা থাকতে হবে	:	ক) লাইট, ফ্যান, কম্পিউটার, ফটোকপি মেশিন, ফ্যাক্স মেশিন,এয়ার কুলার মেশিন ইত্যাদি বৈদ্যুতিক সামগ্রী চালানোর জন্য প্রয়োজনীয় লোডের বৈদ্যুতিক সংযোগ। খ) লিফট ফ্যাসিলিটি। গ) বিদ্যুৎ, গ্যাস ও পানির সংযোগ। ঘ) টেলিফোন সংযোগ। ঙ) অন্যান্য নাগরিক সুবিধাদি।
৬।	দরপত্রের সাথে যে সকল হালনাগাদ কাগজপত্র দাখিল করতে হবে	:	ক) হালনাগাদ বিদ্যুৎ ও গ্যাস বিল পরিশোধের ফটোকপি। খ) হালনাগাদ পানির বিল পরিশোধের ফটোকপি। গ) হালনাগাদ টেলিফোন বিল পরিশোধের ফটোকপি। ঘ) হালনাগাদ সিটি কপোরেশন কর সহ অন্যান্য কর (যদি থাকে) পরিশোধের ফটোকপি। ঙ) ভবনটি নির্মানে কোন ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠান থেকে ঋণ নিয়ে থাকলে বা ঋণের বিপরীতে ভবনটি কোন সংস্থার নিকট দায়বদ্ধ থাকিলে ঋনদানকারী প্রতিষ্ঠানের নাম সহ দায় দেনার পরিমান (সংশ্লিষ্ট ব্যাংক কর্তৃক প্রদত্ত দায়দেনার বিবরনীসহ) দরপত্রে উল্লেখ করতে হবে। চ) জমির মালিকানা প্রমানের জন্য সকল দলিল দস্তাবেজ যেমন মূল দলিল, বায়া দলিল , সিএস ও আর এস পর্চা, মিউটেশন, মাঠ জরিপের পর্চা, ডিসিআর সহ হালনাগাদ খাজনার রশিদ এর সত্যায়িত কপি জমা দিতে হবে। ছ) দরপত্রের সহিত যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদনপত্রসহ অনুমোদিত ভবনের নকশা দাখিল করতে হবে।
৭।	দরপত্র দাখিলের পদ্ধতি/শর্ত	:	ক) ভবন মালিক প্রতিষ্ঠান হলে প্রতিষ্ঠানের নিজস্ব প্যাডে এবং ব্যক্তি হলে সাদা কাগজে টাইপ করে প্রতি বর্গফুটের দর উল্লেখ করে দরপত্র দাখিল করতে হবে। খ) খামের উপরে **"জনতা ব্যাংক লিমিটেড এর ফ্লোর স্পেস ক্রয়ের দরপত্র প্রসঙ্গে"** লিখতে হবে। গ) উপ-মহাব্যবস্থাপক, এস্টেট ডিপার্টমেন্ট, জনতা ব্যাংক লিমিটেড, প্রধান কার্যালয়, ১১০, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০। ঘ) অংকে ও কথায় দর উল্লেখ করতে হবে। কোন প্রকার উপরি লিখন (over writting) গ্রহনযোগ্য হবে না।

21/3/17

			ঙ) অনুমোদিত নকশায় উল্লেখিত ফ্লোরের পরিমাপের (Floor measurement) সহিত সঙ্গতি রেখে দর উদ্ধৃত করতে হবে। চ) নির্ধারিত তারিখে যথাসময়ে টেন্ডার বাক্সে দরপত্র ফেলতে হবে। ছ) কৃতকার্য দরদাতাকে ফ্লোর স্পেস ব্যাংক কর্তৃপক্ষের কাছে হস্তান্তরের লক্ষ্যে চুক্তি সম্পাদনের পূর্বে মালিকানা সংক্রান্ত এবং সরকারী সেবাদানকারী প্রতিষ্ঠানসমূহের (বিদ্যুৎ, পানি, টেলিফোন, গ্যাস, সিটি কর্পোরেশন কর ইত্যাদি) বিলের সনদের কপি দাখিল করতে হবে।
৮।	সিকিউরিটি	:	আগ্রহী ভবন মালিকগনকে দরপত্রের সাথে ৫,০০,০০০/- (পাঁচ লক্ষ) টাকা মাত্র টেন্ডার সিকিউরিটি জনতা ব্যাংক লিমিটেড এর অনুকূলে পে-অর্ডার এর মাধ্যমে জমা দিতে হবে। অকৃতকার্য দরদাতাদের টেন্ডার সিকিউরিটি যথাসময়ে ফেরৎ দেওয়া হবে। কৃতকার্য দরদাতার টেন্ডার সিকিউরিটি ফ্লোর স্পেস হস্তান্তরের পর ফেরত দেয়া হবে। কৃতকার্য দরদাতা ফ্লোর স্পেস হস্তান্তরে ব্যর্থ হলে টেন্ডার সিকিউরিটির টাকা বাজেয়াপ্ত করা হবে।
৯।	দরপত্র জমাদানের তারিখ, সময়, স্থান	:	তারিখ: ২৪/০৪/১৭ ইং ; সময়: বেলা ২:৩০ ঘটিকা পর্যন্ত। স্থান: জনতা ব্যাংক লিমিটেড, এস্টেট ডিপার্টমেন্ট, প্রধান কার্যালয়, ১১০, মতিঝিল বা/এ ঢাকা-১০০০।
১০।	দরপত্র খোলার তারিখ, সময়, স্থান	:	তারিখ: ২৪/০৪/১৭ ইং ; সময়: বেলা ৩:০০ ঘটিকা। স্থান: কক্ষ, উপ-মহাব্যবস্থাপক, জনতা ব্যাংক লিমিটেড, এস্টেট ডিপার্টমেন্ট, প্রধান কার্যালয়, ১১০, মতিঝিল বা/এ ঢাকা-১০০০।
১১।	দরদাতার প্রতি বিশেষ শর্তাবলী	:	ক) দরদাতাগন পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা-২০০৮ এর বিধি বিধান সহ অত্র প্রতিষ্ঠানের সকল শর্তাবলী মানতে বাধ্য থাকবেন।
			খ) ফ্লোর স্পেস ক্রয়ের দরপত্র সংক্রান্ত যাবতীয় তথ্যবলী, উপ-মহাব্যবস্থাপক, এস্টেট ডিপার্টমেন্ট, জনতা ব্যাংক লিমিটেড, প্রধান কার্যালয়, ১১০, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০এর দপ্তর থেকে জানা যাবে।
			গ) অনিবার্য কারণবশত নির্ধারিত সময় ও তারিখে দরপত্র গ্রহণ ও খোলা সম্ভব না হলে পরবর্তী কর্মদিবসে নির্ধারিত স্থানে ও সময়ে দরপত্র গ্রহন ও খোলা হবে। এ বিষয়ে আলাদা নোটিশ প্রদান করা হবে না।
			ঘ) ব্যাংক কর্তৃপক্ষ কোন কারন দর্শানো ব্যতিরেকে যেকোন দরপত্র গ্রহন ও বাতিল করার ক্ষমতা সংরক্ষন করেন।
			ঙ) বাংলাদেশ ব্যাংকের অনুমোদন সাপেক্ষে উক্ত দরপত্রটি চূড়ান্তভাবে গৃহীত হিসেবে বিবেচিত হবে।
			চ) কোন দরদাতা কোন মিথ্যা বা বানোয়াট তথ্য সম্বলিত কাগজপত্র দরপত্রের সহিত জমা প্রদান করিলে উক্ত দরপত্র বাতিল বলিয়া গন্য হবে।

21/03/17

(মোঃ আব্দুর রসিদ)
উপ-মহাব্যবস্থাপক

21/3/17